

সুকান্তে সম্পূর্ণ তুমি

কবিগু পান নাই খুঁজে খুঁজে
মূঢ় স্নান মুখে দিতে হবে কোন্ ভাষা!
কোন্ ভাষা পেলে নিপীড়িত জন
জেগে উঠে মুষ্টিবদ্ধ হাতে
ভেঙে গুঁড়িয়ে দেবে শোষণের ভিত,
কুশাসন, শৃঙ্খলিত অত্যাচার সব
নিঃশেষে মুছে ফেলে, দেবে মুক্তির হৃদিস,
অশ্রু দেবে অমোঘ তত্ত্বের।

হে সুকান্ত, হে কিশোর কবি!
তুমি দেখেছিলে অন্ধকার ভারতের হৃদয়,
বিদেশী শৃঙ্খলে পিষ্ট, ত্রমাগত্বাসদ্ধ হয়ে
নিত্য শত্রুর উদ্ধত পদাঘাতে কাটে বিমর্ষ রাত;
পথে পথে বুভুক্ষায় মৃতদেহ থাকে পড়ে।

হে কবি, বুঝেছিলে তুমি
লেনিনের বিপ্লবের ভাষা
যে ভাষায় শ জনশ্রোত
ভেঙেছে অন্যায়ে বাঁধ,
হে কিশোর কবি, তুমি বুঝেছিলে,
ভাকতের জনতার মুখে
দিতে হবে লেনিনের সেই ভাষা;
যে ভাষা সূর্যদীপ্ত রক্তের তরঙ্গে ভেসে
শোষণের ভিত করে দেবে তছনছ
মূঢ়, স্নান মুখে উদ্ভাসিত হবে লেনিনদীপ্তি!

এখনও অন্যায়ে শ্রোতে
তোমাকেই করি ব্যারিকেড্।

তুলসী বসাক

